

ত্রী আল-আহকাফ | Al-Ahqaf | الْأَحْقَاف

আয়াতঃ ৪৬:৫

💵 আরবি মূল আয়াত:

وَ مَن اَضَلُّ مِمَّن يَّدَعُوا مِن دُونِ اللَّهِ مَن لَّا يَستَجِيبُ لَهُ اللَّهِ يَومِ اللَّهِ مَن لَّا يَستَجِيبُ لَهُ اللَّهِ يَومِ القِيمَةِ وَ هُم عَن دُعَآئِهِم غُفِلُونَ ﴿۵﴾

তার চেয়ে অধিক পথভ্রম্ভ আর কে, যে আল্লাহর পরিবর্তে এমন কাউকে ডাকে, যে কিয়ামত দিবস পর্যন্তও তার ডাকে সাড়া দেবে না? আর তারা তাদের আহবান সম্পর্কে উদাসীন। — আল-বায়ান

তার চেয়ে অধিক গুমরাহ কে, যে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা ক্বিয়ামত পর্যন্ত তাকে সাড়া দেবে না, আর তাদের ডাকাডাকি সম্পর্কেও তারা (একদম) বেখবর? — তাইসিরুল

সেই ব্যক্তি অপেক্ষা বিদ্রান্ত কে যে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা কিয়ামাতের দিন পর্যন্তও তার ডাকে সাড়া দিবেনা? এবং ওগুলি তাদের প্রার্থনা সম্বন্ধে অবহিত নয়। — মুজিবুর রহমান

And who is more astray than he who invokes besides Allah those who will not respond to him until the Day of Resurrection, and they, of their invocation, are unaware. — Sahih International

৫. আর সে ব্যক্তির চেয়ে বেশী বিভ্রান্ত কে যে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা কিয়ামতের দিন পর্যন্ত তাকে সাড়া দেবে না? এবং এগুলো তাদের আহবান সম্বন্ধেও গাফেল।

তাফসীরে জাকারিয়া

- (৫) সে ব্যক্তি অপেক্ষা অধিক বিভ্রান্ত কে, যে আল্লাহর পরিবর্তে এমন কিছুকে ডাকে যা কিয়ামত দিবস পর্যন্তও তার ডাকে সাড়া দেবে না? আর তারা তাদের ডাক সম্বন্ধে অবহিতও নয়। [1]
 - [1] অর্থাৎ, এরাই সব চেয়ে বড় ভ্রস্ট, যারা পাথরের মূর্তিগুলোকে অথবা মৃত ব্যক্তিদেরকে সাহায্যের জন্য ডাকে। তারা তো কিয়ামত পর্যন্ত তাদের ডাকে সাড়া দিতে অক্ষম। আর কেবল অক্ষমই নয়; বরং একেবারে বেখবরও।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4515

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন